গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : “ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চর আলগী ইউনিয়ন রক্ষার্থে ব্রহ্মপুত্র নদের বামতীরে বেড়ীবাঁধ নির্মাণ” শীর্ষক প্রকল্পের ১ম স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৯/১০/২০২০।
সভার সময়	০১.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩), পাসম সভাকে জানান, ৪৩৯৭.১১ লক্ষ টাকা ব্যায় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল জুন ২০২১ পর্যন্ত নির্ধারিত আছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৩০% এবং আর্থিক অগ্রগতি ১১.৭৮%।

২। সভায় প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্র: নং:	আলোচনা	সিদ্ধান্ত
১।	সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান, এ প্রকল্পের ২৮ কিঃমিঃ খাল পুন:খনন, ২২ কিঃমিঃ বাঁধ নির্মাণ এবং ২টি ৩ ভেন্ট রেগুলেটরসহ মোট ৯টি প্যাকেজের কাজ চলমান আছে। বর্তমানে বেড়ী বাঁধ নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করণের বিষয়ে ঠিকাদারকে জোর তাগিদ দেয়া হচ্ছে যা নির্ধারিত সময়ে সমাপ্ত করা সম্ভব হবে। খাল পুন:খনন কাজ প্রায় সমাপ্ত।	নির্ধারিত সময়ের মধ্যে চলমান ০৯টি প্যাকেজের কাজ সমাপ্ত করতে হবে। বাস্তবায়নে : প্রকল্প পরিচালক।
২।	সভায় প্রকল্প পরিচালক আরও জানান, বাস্তব অবস্থার প্রেক্ষিতে এবং স্থানীয় মাননীয় সংসদ সদস্য ও জনগণের চাহিদার প্রেক্ষিতে ২টি ২ ভেন্ট রেগুলেটর, ১১টি বক্স আউটলেট/ইনলেট, ২.১০ কিঃমিঃ অতিরিক্ত খাল পুন:খনন ও ১.০৬ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতি করণ কাজ বাস্তবায়ন করা বিশেষ প্রয়োজন যা ডিপিপিতে অন্তর্ভুক্ত নাই। উক্ত কাজ বাস্তবায়ন করা না হলে এ প্রকল্পের আসল উদ্দেশ্য ব্যাহত হবে। প্রকল্পের সার্বিক অবস্থা অবলোকনের জন্য মহাপরিচালক ও প্রধান প্রকৌশলী, বাপাউবো সাইট পরিদর্শন করেছেন এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবোকে আহ্বায়ক করে একটি কারিগরি কমিটি গঠন করা হয়েছে। উক্ত স্ট্রাকচারগুলোর ডিজাইন প্রণয়নের নিমিত্ত ডিজাইন ডাটা প্রেরণ করা হয়েছে। অতি শীঘ্রই ডিজাইনগুলো পাওয়া যাবে। অতিরিক্ত স্ট্রাকচার নির্মাণ এবং মূল ডিপিপিতে অন্তর্ভুক্ত কয়েকটি প্যাকেজের সংশোধিত প্রাক্কলনসহ প্রকল্পের অতিরিক্ত কাজ বাস্তবায়নের জন্য ডিপিপিতে সংস্থানকৃত অর্থের অতিরিক্ত আরও ১১৪০.০০ লক্ষ টাকার প্রয়োজন হবে। ফলে প্রকল্পের মোট ব্যয় বৃদ্ধি পেয়ে প্রায় ৪৯০০.০০ লক্ষ টাকা হবে। এজন্য ডিপিপি সংশোধন আবশ্যক। তিনি আরও জানান, বেড়ী বাঁধ নির্মাণের এলাইনমেন্টে প্রায় ৪৫ টি বিদ্যুতের খুঁটি বেড়ী বাঁধের প্রায় সেন্টার বরাবর বিদ্যমান বিধায় বেড়ী বাঁধের উপর হতে বৈদ্যুতিক খুঁটিগুলো অপসারণ করা প্রয়োজন হবে। এ বিষয়ে সভাপতি মহোদয় পানি উন্নয়ন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন)-কে সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন।	পানি উন্নয়ন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। অত:পর ডিপিপি সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে। বাস্তবায়নে : অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন)/প্রকল্প পরিচালক, বাপাউবো।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৫.১৯-৩৯৭

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
১১ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৪) উপ-সচিব (পরিকল্পনা-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৭) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চরআলগী ইউনিয়ন রক্ষার্থে ব্রহ্মপুত্র নদের বাম তীরে বেড়ী বাঁধ নির্মাণ" শীর্ষক প্রকল্প, ময়মনসিংহ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
১৮) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব